



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
আইন শাখা-১  
পরিবহন পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

নং- ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০১০.২০-৩৫৪

তারিখঃ ২৫ কার্তিক, ১৪২৭  
১০ নভেম্বর, ২০২০

বিষয়টিঃ রিট পিটিশন নং- ৪৮১/২০২০ মামলায় গত ২৫/০২/২০২০ তারিখে মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত রায়/আদেশ এর বিরুদ্ধে আপিল দায়েরের হালনাগাদ তথ্যাদি অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: মহামান্য হাইকোর্ট হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ৪৮১/২০২০ মামলায় গত ২৫/০২/২০২০ তারিখে রায়/আদেশ।


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি ও মাদ্রাসা প্রতিষ্ঠানসমূহ)-এর শিক্ষক ও কর্মচারীদের বেতন ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা, ২০১০ (সংশোধিত, ২০১৩)” এর সকল শর্ত পূরণ থাকা সত্ত্বেও এমপিওভুক্ত না করায় কর্মরত স্ব-স্ব প্রতিষ্ঠানে এমপিওভুক্ত করার জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে চাঁপাইনবাবগঞ্জ জেলার নাচোল উপজেলাধীন নরিয়াল দারুল হাদিস ইসলামিয়া দাখিল মাদ্রাসা (আলিম প্রস্তুত) এর সহকারী সুপার জনাব আবু তালহা মুহাম্মাদ আজিজুর রহমান গং (০৭ সাত) জন কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং- ৪৮১/২০২০ মামলা দায়ের করা হয়।

২। রিট পিটিশন নং- ৪৮১/২০২০ মামলায় গত ২৫/০২/২০২০ তারিখে মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত রায়/আদেশ সরকারের বিপক্ষে ঘোষিত হয়। উক্ত রায়/আদেশের শেষাংশ নিম্নরূপ:

“In the result, the Rule is disposed of, The respondents are hereby directed to enlist the name of the petitioners in the Monthly Pay Order (MPO) from the date of their joining within 1 (one) month on receipt of this order without any fail”.

৩। যেহেতু মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত রায়/আদেশ সরকারের বিপক্ষে ঘোষিত হয়েছে এবং উক্ত রায়ের সাথে সরকারের আর্থিক সংশ্লেষ রয়েছে এবং আলোচ্য মামলাভুক্ত প্রতিষ্ঠানগুলো মাদ্রাসা অধিদপ্তর সংশ্লিষ্ট সেহেতু এ রায়ের বিরুদ্ধে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক সরকার পক্ষে আপিল দায়ের করা আবশ্যিক।

৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ৪৮১/২০২০ মামলায় গত ২৫/০২/২০২০ তারিখে মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত রায়/আদেশ এর বিরুদ্ধে সরকার পক্ষে আপিল দায়ের করা হয়েছে কিনা? আপিল দায়ের করা হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে বিলম্বের কারণ উল্লেখপূর্বক জরুরীভিত্তিতে আপিল দায়েরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে (প্রমাণকসহ) আগামি ২২/১১/২০২০ তারিখের মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়-কে অনুরোধ করা হলো।

  
(মো: আ: খালেক মিঞা)  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গার্লস গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)  
নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

১। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩। অতিরিক্ত সচিব (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৫। অফিস কপি/মাষ্টার কপি।